

Inspection / Visit Book

পরিদর্শন / ভিজিট বই

Name of Visitor

পরিদর্শনকারীর নাম

Designation

পদবী

Date
তারি

৯। রাজশাহীর কর্মসূচী শেষ করে বিকেল ৫.০০ সময় বগুড়ার উদ্দেশ্যে রওয়ানা হই এবং বিকেল ৫.০০ টার সময় বগুড়া আজিজুল হক কলেজে স্থাপিত বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণ গ্রহণকারীদের মধ্যে সনদ বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণ করি। বগুড়া আজিজুল হক কলেজের অধ্যক্ষসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। এখানে ইংরেজী বিষয়ের মোট ৮৭ জন প্রশিক্ষণার্থীকে সনদ প্রদান করা হয়। আরও কয়েক প্রশিক্ষণার্থী এ কেন্দ্রে নেই মর্মে জানা যায়। এ কেন্দ্রটির পরিচালনা ও ব্যবস্থাপনার মান কাঙ্খিত পর্যায়ে নয় বলে প্রস্তাবনা হয়। কেন্দ্রটির কার্যক্রমে গতি সঞ্চারণ ও প্রশিক্ষণ কার্যক্রম দক্ষতার সাথে পরিচালনার জন্য একজন নিবেদিত ও দক্ষ সমন্বয়ক প্রেরণ প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করছি।

১০। সুপারিশ :-

- ১) রাজশাহী অঞ্চলে গ্রীষ্মকালে দুঃসহ গরম আবহাওয়া বিরাজ করে এই বাস্তব অবস্থা বিবেচনায় শুধুমাত্র রাজশাহী মহানগরীর বিদ্যালয়সমূহের সময়সূচী রাজশাহীর স্থানীয় প্রশাসন ও বোর্ড চেয়ারম্যানের সাথে আলোচনাক্রমে পরিবর্তন করা যেতে পারে।
- ২) বেসরকারী যে সব প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রীর সংখ্যা বেশী এবং লেখা পড়ার মান সন্তোষজনক সেসব প্রতিষ্ঠানে শাখা খোলা ও শাখা শিক্ষকের এমপিভুক্তির বিষয় বিবেচনা করা যেতে পারে।
- ৩) রাজশাহী কলেজসহ দেশের যেসব কলেজের নিজস্ব অব্যবহৃত তহবিল রয়েছে, সে সব কলেজে Self Finance পদ্ধতির আওতায় কলেজের নিজস্ব তহবিলের সাহায্যে একাডেমিক বিল্ডিং তৈরী/Vertical Extasion সহ অনুরূপ উন্নয়নমূলক কাজ করার অনুমতি দানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের নেতৃত্বে জেলা প্রশাসকের প্রতিনিধি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি এবং ক্ষেত্রবিশেষে মাউশি অধিদপ্তরের আঞ্চলিক উপ-পরিচালকের সমন্বয়ে একটি কমিটি করা যেতে পারে।
- ৪) রাজশাহী কলেজে স্থাপিত বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্রের নিয়মিত ক্লাস পরিচালনা এবং সংশ্লিষ্ট শিক্ষার্থী ও কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াত সুবিধার জন্য উক্ত ভবনের পিছনে (উত্তর পার্শে) একটি সিড়ি নির্মাণের ব্যবস্থা গ্রহণ করার জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে নির্দেশ দেয়া যেতে পারে।
- ৫) বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রমের বিষয়ে প্রশিক্ষণার্থী এবং রাজশাহীর বিশিষ্ট ব্যক্তিবর্গের ব্যাপক আগ্রহ এবং চাহিদার পরিপ্রেক্ষিতে বিদেশী ভাষা প্রশিক্ষণ কার্যক্রম গতিশীল করার বিষয়ে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্টদেরকে বিশেষ তাগিদ দেয়া যেতে পারে।
- ৬) বিদ্যালয়ে ছাত্রীদের ড্রপ-আউটের প্রধান কারণ হিসাবে চিহ্নিত বাল্য বিবাহ রোধে প্রচলিত আইনের কার্যকর করা এবং স্থানীয় প্রশাসন, বুদ্ধিজীবীসহ সমাজের বিভিন্ন স্তরের জনগনকে সম্পৃক্ত করে এর বিরুদ্ধে ব্যাপক সামাজিক আন্দোলন গড়ে তোলা প্রয়োজন।
- ৭) প্রতিটি স্কুলে রাজশাহী পিএন স্কুলের মতো সমাজ বিজ্ঞান ল্যাবঃ প্রতিষ্ঠার জন্য যথাযথ নির্দেশ প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(উজ্জ্বল বিকাশ দত্ত)

অতিরিক্ত সচিব(উন্নয়ন)

সচিব

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং : শিম/অতিঃসচিব(উঃ)/ভ্রমন-১/২০০৯/২২

তারিখ : ০৭/০৭/২০০৯ খ্রিঃ

অনুলিপি : প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
- ৩। অধ্যক্ষ, *আজিজুল হক কলেজ*.....।
- ৪। প্রকল্প পরিচালক, বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন প্রকল্প, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। কে-অর্ডিনেটর, বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র,
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী।
- ৭। প্রধান শিক্ষক
- ৮। জেলা শিক্ষা অফিসার.....।

(উজ্জ্বল বিকাশ দত্ত)

অতিরিক্ত সচিব(উন্নয়ন)